

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪২.১৮-৪৭৩

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ।

প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট এর ওয়ার্কসপ খালাসী (ট্রেড) জনাব নাসির উদ্দিন খন্দকার তার পূর্ববর্তী কর্মস্থল ফরিদপুর পলিটেকনিক ইনস্টিটিউটে কর্মরত থাকাকালীন গত ০৭/০৬/২০১৮ খ্রিঃ তারিখে ইনস্টিটিউট এর অধ্যক্ষ প্রকৌ. মীর মোঃ মোশাররফ হোসেন ঢাকা হতে সরকারী কাজ শেষে আনুমানিক বিকাল ৩.০০ ঘটিকার সময় নিজ কর্মস্থলে গাড়ি নিয়ে প্রবেশ করতে চাইলে বাঁধা দেন এবং শারীরিকভাবে লাঞ্ছিত করে পুনরায় ঢাকা ফেরত যাওয়ার জন্য জোর করে গাড়িতে তুলে দেয়ার ঘটনায় তাকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর নোটিশ এর জবাবে তিনি ব্যক্তিগত শুনানী চান মর্মে জানান। গত ১২/১১/২০১৮খ্রিঃ তারিখ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তার বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪২.১৮-১০৫০(৩), তারিখ-২৭/১২/২০১৮ খ্রিঃ মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানী চান মর্মে জানান। গত ০৪/০২/২০১৯খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তার বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় আনীত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৩(খ) মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় জনাব নাসির উদ্দিন খন্দকার, ওয়ার্কসপ খালাসী (ট্রেড), রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী কে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮” এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। এমতাবস্থায়, জনাব নাসির উদ্দিন খন্দকার, ওয়ার্কসপ খালাসী (ট্রেড), রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী কে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৪ এর উপবিধি ১(ক) মোতাবেক লঘুদণ্ডের আওতায় বিধি ৪ এর উপবিধি ২(ঘ) অনুযায়ী “বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ” করা হল।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-
(রওনক মাহমুদ)
অতিরিক্ত সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
ও
মহাপরিচালক(অঃ দাঃ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১২.০৪.০৪২.১৮-৪৭৩(৮)

তারিখঃ ১৫/০৫/২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১-২। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জনাব নাসির উদ্দিন খন্দকার, ওয়ার্কসপ খালাসী (ট্রেড), রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউট, রাজশাহী।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।


(নাজমুন নাইর)
সহকারী পরিচালক-৩
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ফোন-০২-৮১৮১২২৫